Engineering Staff College, Bangladesh

An Autonomous Body of The Institution of Engineers, Bangladesh
City Office: IEB Headquarters, Ramna, Dhaka-1000; Main campus: Gazaria, Munshiganj
Phone: 880-2-223354144, Email: escb@esc-bd.org, rector@esc-bd.org Web: www.esc-bd.org

স্মারকঃ ইএসসিবি/সিসি/২০২৬ (৭২) তারিখঃ ১৮/০৮/২০২৬ ইং

# নিরাপত্তা সেবা প্রদানের জন্য আগ্রহ প্রকাশের আহবান
# (Expression of Interest)

বরাবর,
নিরাপত্তা সেবাদানকারী প্রতিষ্ঠান,
ঢাকা।

**বিষয়ঃ আগ্রহী নিরাপত্তা সেবাদানকারী প্রতিষ্ঠানসমূহকে "ইএসসিবি'তে" তাদের আগ্রহ ও প্রস্তাব দাখিলের জন্য আহবান জানানো হচ্ছে।**

ইঞ্জিনিয়ারিং ষ্টাফ কলেজ বাংলাদেশ (ইএসসিবি)-এর মূল ক্যাম্পাসের সার্বিক নিরাপত্তা ব্যবস্থা একটি নিবন্ধিত ও অভিজ্ঞ নিরাপত্তা সেবাদানকারী প্রতিষ্ঠানের মাধ্যমে আউটসোর্সিং পদ্ধতিতে পরিচালনার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এ লক্ষ্যে আগ্রহী নিরাপত্তা সেবাদানকারী প্রতিষ্ঠানসমূহকে তাদের আগ্রহ প্রকাশ ও প্রস্তাব দাখিলের জন্য আহবান জানানো হচ্ছে। নিচে ক্যাম্পাসের বিবরণ, কাজের পরিধি এবং প্রত্যাশিত সেবার মানদণ্ড উল্লেখ করা হলো, যা পড়ে আগ্রহী প্রতিষ্ঠানসমূহ তাদের কার্যপরিধি ও দায়িত্ব সম্পর্কে সুস্পষ্ট ধারণা পাবে।

আগামী ৪ কর্মদিবসের মধ্যে নিম্ন স্বাক্ষরকারীর দপ্তরে সরাসরি অথবা ইমেইলে প্রস্তার প্রেরনের অনুরোধ করা হচ্ছে।

**ড তাওহীদ হাসান, পিএইচডি**
ইঞ্জিনিয়ারিং ষ্টাফ কলেজ বাংলাদেশ (ইএসসিবি),
আইইবি পুরানো বিল্ডিং (নিচ তলা)
রমনা, ঢাকা-১০০০।
ইমেলঃ dr.tawheedbd@gmail.com, tawheed.hasan@esc-bd.org

# নিরাপত্তা সেবা প্রদানের জন্য আগ্রহ প্রকাশের আহবান
# (Expression of Interest)

## ১. প্রেক্ষাপট

ইঞ্জিনিয়ারিং ষ্টাফ কলেজ বাংলাদেশ (ইএসসিবি)-এর মূল ক্যাম্পাসের সার্বিক নিরাপত্তা ব্যবস্থা একটি নিবন্ধিত ও অভিজ্ঞ নিরাপত্তা সেবাদানকারী প্রতিষ্ঠানের মাধ্যমে আউটসোর্সিং পদ্ধতিতে পরিচালনার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এ লক্ষ্যে আগ্রহী নিরাপত্তা সেবাদানকারী প্রতিষ্ঠানসমূহকে তাদের আগ্রহ প্রকাশ ও প্রস্তাব দাখিলের জন্য আহবান জানানো হচ্ছে। নিচে ক্যাম্পাসের বিবরণ, কাজের পরিধি এবং প্রত্যাশিত সেবার মানদণ্ড উল্লেখ করা হলো, যা পড়ে আগ্রহী প্রতিষ্ঠানসমূহ তাদের কার্যপরিধি ও দায়িত্ব সম্পর্কে সুস্পষ্ট ধারণা পাবে।

## ২. ক্যাম্পাস ও নিরাপত্তা কাঠামোর সংক্ষিপ্ত বিবরণ

| বিষয় | বিবরণ |
|---|---|
| মূল ক্যাম্পাসের অবস্থান | চর বাউশিয়া, গজারিয়া, মুন্সিগঞ্জ |
| একাডেমিক ভবন | ১টি |
| হোস্টেল / ডরমেটরি | ৬টি |
| প্রবেশপথ | ১টি মেইন গেট, ১টি নদীর গেট |
| মোট নিরাপত্তা কর্মী (প্রস্তাবিত) | ১২ - ১৫ জন |
| শিফট সংখ্যা | ২টি (দিন ও রাত) |
| রাতের ডিউটি/টহল কর্মী | ৭-৯ জন |
| দিনের বেলা ডিউটি/টহল কর্মী | ৫-৬ জন |
| আবাসন | নিরাপত্তা কর্মীদের ক্যাম্পাসেই আবাসিক ব্যবস্থা |
| সুপারভিশন | কোম্পানি কর্তৃক নিয়োজিত সুপারভাইজার সার্বক্ষণিক তদারকি করবে |

## ৩. নিরাপত্তা সেবাদানকারী প্রতিষ্ঠানের প্রধান দায়িত্ব ও কার্যপরিধি

### ৩.১ জনবল সরবরাহ ও মোতায়েন

- প্রতিষ্ঠানকে সার্বক্ষণিক দায়িত্ব পালনের জন্য মোট ১২ - ১৫ জন প্রশিক্ষিত নিরাপত্তা প্রহরী সরবরাহ করতে হবে।
- জনবলকে দুটি শিফটে (দিন ও রাত) বিভক্ত করে দায়িত্ব বণ্টন করতে হবে, যাতে ক্যাম্পাসে ২৪ ঘণ্টা নিরাপত্তা নিশ্চিত থাকে।
- রাতের শিফটে ন্যূনতম ৭-৯ জন প্রহরী দায়িত্বরত ও নিয়মিত টহল কার্যক্রমে নিয়োজিত থাকতে হবে।
- সকল নিরাপত্তা কর্মীকে ক্যাম্পাসে আবাসিকভাবে অবস্থান করতে হবে; প্রতিষ্ঠানকে তাদের থাকা-খাওয়াসহ সার্বিক ব্যবস্থাপনা তদারকি করতে হবে। নিরাপত্তা কর্মীদের থাকার ব্যাবস্থা ইএসসিবি প্রদান করবে।
- একজন অভিজ্ঞ সুপারভাইজার নিয়োজিত থাকবেন, যিনি নিয়মিতভাবে সকল নিরাপত্তা কর্মীকে দিকনির্দেশনা প্রদান, দায়িত্ব বণ্টন এবং কাজের মান তদারকি করবেন।

### ৩.২ নিরাপত্তা কার্যক্রমের আওতা

- মেইন গেটে প্রবেশ ও বহির্গমন নিয়ন্ত্রণ, ভিজিটর/দর্শনার্থী নিবন্ধন ও প্রয়োজনে তল্লাশি কার্যক্রম পরিচালনা।
- ১টি একাডেমিক ভবন এবং ৬টি হোস্টেল/ডরমেটরি ভবনের নিরাপত্তা নিশ্চিতকরণ।
- নির্ধারিত সময় অন্তর অন্তর সম্পূর্ণ ক্যাম্পাসে (বিশেষত রাতে) টহল পরিচালনা করা।
- অগ্নিকান্ড, চুরি, অনুপ্রবেশ বা অন্য যেকোনো জরুরি পরিস্থিতিতে তাৎক্ষণিক প্রতিক্রিয়া প্রদান ও কর্তৃপক্ষকে অবহিতকরণ।
- যানবাহন প্রবেশ-বহির্গমন নিয়ন্ত্রণ ও পার্কিং ব্যবস্থাপনায় সহায়তা।
- সন্দেহজনক ব্যক্তি, বস্তু বা কার্যকলাপ পর্যবেক্ষণ ও রিপোর্ট প্রদান।
- দৈনিক ডিউটি রেজিস্টার, টহল লগ ও ঘটনা প্রতিবেদন (Incident Report) সংরক্ষণ ও কর্তৃপক্ষের নিকট দাখিল।

### ৩.৩ জনবলের মান ও প্রশিক্ষণ

- সরবরাহকৃত সকল প্রহরীর বয়স, শারীরিক সক্ষমতা ও পূর্ব অভিজ্ঞতা যাচাইকৃত হতে হবে এবং পুলিশ ভেরিফিকেশন/চারিত্রিক সনদ থাকতে হবে।
- নিরাপত্তা প্রহরীদের নির্ধারিত ইউনিফর্ম, পরিচয়পত্র ও প্রয়োজনীয় সরঞ্জামাদি (রেইনকোর্ট, ছাতা টর্চলাইট, হুইসেল, ওয়াকিটকি ইত্যাদি) প্রতিজনকে সরবরাহ করতে হবে।
- মৌলিক নিরাপত্তা প্রশিক্ষণ ও অগ্নি নির্বাপণ সংক্রান্ত প্রাথমিক প্রশিক্ষণপ্রাপ্ত হতে হবে।
- এই চুক্তি ১ বছর বলবত থাকবে ও কাজে সন্তুষ্টি সাপেক্ষে, প্রতি বছর রিনিউ হবে।

### ৩.৪ প্রশাসনিক ও চুক্তিগত দায়িত্ব

- নিরাপত্তা কর্মীদের বেতন, ওভারটাইম, ছুটি ব্যবস্থাপনা ও প্রতিস্থাপন জনবলের ব্যবস্থা কোম্পানিকে নিশ্চিত করতে হবে।
- কোনো কর্মী অসুস্থ বা অনুপস্থিত থাকলে তাৎক্ষণিকভাবে বিকল্প জনবল সরবরাহ করতে হবে, যাতে নিরাপত্তায় কোনো ঘাটতি না হয়।
- সরকার অনুমোদিত নিরাপত্তা সেবাদানকারী প্রতিষ্ঠান হিসেবে বৈধ লাইসেন্স ও প্রাসঙ্গিক আইনগত কাগজপত্র থাকতে হবে।

## ৪. আগ্রহ প্রকাশে যা যা উল্লেখ করতে হবে

- প্রতিষ্ঠানের প্রোফাইল, নিবন্ধন ও লাইসেন্সের তথ্য।
- অনুরূপ প্রতিষ্ঠান/ক্যাম্পাসে পূর্ব অভিজ্ঞতার বিবরণ (রেফারেন্সসহ)।
- প্রস্তাবিত জনবল কাঠামো, শিফট পরিকল্পনা ও সুপারভিশন পদ্ধতি।
- মাসিক সার্ভিস চার্জ/খরচের প্রাক্কলন (প্রতি জনবল ভিত্তিক ও সর্বমোট)। কর্তনযোগ্য ভ্যাট ও ট্যাক্স আলদাভাবে উল্লেখ করতে হবে।
- যোগাযোগের ঠিকানা, ফোন নম্বর ও প্রতিনিধির নাম।

# Engineering Staff College, Bangladesh

An Autonomous Body of The Institution of Engineers, Bangladesh
City Office: IEB Headquarters, Ramna, Dhaka-1000; Main campus: Gazaria, Munshiganj
Phone: 880-2-223354144, Email: escb@esc-bd.org, rector@esc-bd.org Web: www.esc-bd.org

